ইত্তেফাক

তারিখ 22/9/78 পৃঃ 1 কলাম 1

139

# শিক্ষানীতি প্রণয়ন তৎপরতায় ভাটা

( ইত্তেফাক রিপোর্ট )

জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদের সম্পাদনা কমিটির অন্তর্বর্তী কালীন শিক্ষানীতি সংক্রান্ত প্রতিবেদন সম্পাদনার কাজ এখন শেষ পর্যায়ে। চলতি সপ্তাহের মধ্যেই এই কাজ সম্পন্ন হওয়ার কথা এবং চলতি মাসের শেষের দিকে পরিষদের পূর্ণাঙ্গ কর্ম অধিবেশন অনুষ্ঠানের সম্ভাবনা রহিয়াছে। এই কর্ম-অধিবেশনে পর্যালোচনার পর প্রতিবেদন চূড়ান্তভাবে পরিষদে অনুমোদন এবং অতঃপর ইহা মুদ্রণের ব্যবস্থা করা হইবে। মুদ্রিত প্রতিবেদনের কপি ডিসেম্বরের মাঝামাঝি উপদেষ্টা পরিষদ প্রেসিডেন্টের নিকট পেশ করিবে।

অভিজ্ঞ মহল অভিযোগ করেন যে, শিক্ষা মন্ত্রণালয় ও সরকারের অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাদের মধ্যে অন্তর্বর্তী কালীন শিক্ষানীতি প্রণয়ন আশু সম্পন্ন করা এবং ইহার বাস্ত- বায়ন ত্বরিত গতিতে শুরু করার ব্যাপারে উৎসাহে ভাটা পড়ি- য়াছে। ইহার প্রভাব উপদেষ্টা পরিষদ সদস্যদের একটি অংশের উপরও পড়িয়াছে। এখানে উল্লেখ করা যাইতে পারে যে অন্তর্বর্তীকালীন শিক্ষানীতি সংক্রান্ত প্রতিবেদন তিনমাস সময়ের মধ্যে অর্থাৎ গত ১৫ই নভেম্বরের মধ্যে সরকারের নিকট পেশ করার বিষয়টি পূর্বনির্ধারিত ছিল।

এদিকে ১৯৭৯ সালের জানুয়ারী হইতে বাধ্যতামূলক ও অবৈত- নিক শিক্ষা চালু করা সংক্রান্ত পরিষদের সুপারিশ বাস্তবায়নের বিষয়টিও কর্মতৎপরতা ভাটা পড়ার দরুন অনিশ্চিত হইয়া পড়িয়াছে।